গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১০ মে ২০১৫, ২৭ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিএনপি-জামায়াতের ধ্বংসাত্মক কাজের বিরুদ্ধে সজাগ থাকুন
: বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। উপার্জনে সক্ষমদের কর দিতে হবে : অর্থমন্ত্রী

৩। থাইল্যান্ডে জঙ্গল থেকে আরো ১৪৯ জন উদ্ধার : অধিকাংশই বাংলাদেশের
- সমুদ্রপথে মানবপাচার বেড়ে যাওয়ার ঘটনায় জাতিসংঘের উদ্বেগ

৪। ছিটমহলে জনগণনা ও ভূমি নিরূপণ শুরু হবে আজ

৫। আগামী বাজেটে জিডিপির আকার হবে ১৭ লাখ ৩০ হাজার কোটি টাকা

৬। বিনা খরচে ইন্টারনেট সেবা চালু হচ্ছে আজ

৭। ফল সংরক্ষণে ফরমালিনের বিকল্প কাইটোসেন

৮। বাড়ছে সরকারি আইনি সেবা গ্রহীতা

৯। জুনের মধ্যে অপেক্ষমাণদের বিদ্যুৎ সংযোগ দিতে বিআরইবি চেয়ারম্যানের নির্দেশ

১০। বিশ্ব মা দিবস আজ

চলমান পাতা/২

১। বিএনপি-জামায়াতের ধ্বংসাত্মক কাজের বিরুদ্ধে সজাগ থাকুন
: বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০২১ সালের আগেই আমরা বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করবো ইনশাআল্লাহ। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে পৃথিবীর বুকে উন্নত রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করব। কিন্তু, স্বাধীনতা বিরোধী শক্তি দেশের উন্নয়ন-অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করতে মরিয়া হয়ে উঠেছে। ভবিষ্যতে তারা যাতে এ ধরনের ধ্বংসাত্মক কার্যকলাপ না করতে পারে সে জন্য সবাইকে সজাগ থাকতে হবে। প্রধানমন্ত্রী গতকাল ৯ মে শনিবার গাজীপুর মহানগরীর সালনায় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২)।

২। উপার্জনে সক্ষমদের কর দিতে হবে : অর্থমন্ত্রী

করের আওতায় আসছে উপার্জনে সক্ষম ব্যক্তিরা। একই সঙ্গে বাড়ির মালিকদের ক্ষেত্রে টিআইএন বাধ্যতামূলক হচ্ছে। আগামী বাজেটে এ পদক্ষেপ থাকছে এ তথ্য জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ৯ মে শনিবার সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট শীর্ষক আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৪), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

৩। থাইল্যান্ডে জঙ্গল থেকে আরো ১৪৯ জন উদ্ধার : অধিকাংশই বাংলাদেশের
- সমুদ্রপথে মানবপাচার বেড়ে যাওয়ার ঘটনায় জাতিসংঘের উদ্বেগ

মানবপাচারের শিকার হয়ে থাইল্যান্ডের দক্ষিণাঞ্চলের জঙ্গলে থাকা শতাধিক ব্যক্তিকে উদ্ধার করা হয়েছে, যাদের অধিকাংশই বাংলাদেশি বলে দেশটির কর্মকর্তারা দাবি করেছেন। মালয়েশিয়া সীমান্তবর্তী ওই জঙ্গলে গত সপ্তাহে ৩৩ জনের কবর পাওয়ার পর মানবপাচারকারীদের বিরুদ্ধে কঠোর অভিযানের নির্দেশ দেন থাইল্যান্ডের প্রধানমন্ত্রী প্রায়ুথ চ্যান ওচা। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, ওই অভিযানে উদ্ধার হওয়া ১৪৯ জনের মধ্যে ২৬ জন মায়ানমারের রোহিঙ্গা। বাকিরা বাংলাদেশ থেকে আসা। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৪)। ইত্তেফাক, সংবাদ, সমকাল,  নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

এদিকে থাইল্যান্ডের জঙ্গলে একের পর এক অবৈধ অভিবাসীদের গণকবর পাওয়ার প্রেক্ষাপটে বাংলাদেশ ও মায়ানমার থেকে সমুদ্রপথে ঝুঁকিপূর্ণ মানবপাচার বেড়ে যাওয়ায় উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। গত ৮ মে শুক্রবার জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআরের একটি প্রতিবেদনে মানবপাচারের ভয়াবহ চিত্র তুলে ধরার পর জাতিসংঘ সদর দপ্তরে মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক নিয়মিত ব্রিফিংয়ে বলেন, বঙ্গোপসাগর দিয়ে ঝুঁকিপূর্ণ মানবপাচারের ঘটনা আগের বছরের একই সময়ের চেয়ে দ্বিগুণ ঘটেছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৬)।

৪। ছিটমহলে জনগণনা ও ভূমি নিরূপণ শুরু হবে আজ

বাংলাদেশ ও ভারতের মধ্যকার ১৬১টি ছিটমহল বিনিময়ের সব বাধা দূর হয়ে গেছে। এখন বাস্তবায়নের পালা। তাই এসব ছিটমহলের জনসংখ্যা ও ভূমির পরিমাণ নিরূপণে আজ ১০ মে রোববার একযোগে কাজ শুরু করবে বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় সমন্বয় কমিটি। এই কাজ শেষ হলে ছিটমহলগুলোর জনসংখ্যা ও প্রকৃত জমির পরিমাণ বের হয়ে আসবে বলে জানিয়েছেন সমন্বয় কমিটির সদস্যরা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬)।

৫। আগামী বাজেটে জিডিপির আকার হবে ১৭ লাখ ৩০ হাজার কোটি টাকা

আগামী বাজেটে ১৭ লাখ ৩০ হাজার কোটি টাকা ধরা হচ্ছে মোট দেশজ উৎপাদন (জিডিপি) আকার, যা শতকরা হিসেবে প্রবৃদ্ধি ৭ দশমিক ৪ শতাংশ। চলতি বাজেটের তুলনায় এটি দুই লাখ কোটি টাকার বেশি। চলতি অর্থবছরে জিডিপির আকার ধরা হয় ১৫ লাখ ২৯ হাজার ৯শ' কোটি টাকা। অর্থ মন্ত্রণালয় সূত্রে পাওয়া গেছে এ তথ্য। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.২)।

৬। বিনা খরচে ইন্টারনেট সেবা চালু হচ্ছে আজ

দেশে আজ থেকে  চালু হচ্ছে বিনা খরচে ইন্টারনেট ব্যবহারের সুবিধা। ইন্টারনেট ডট অর্গ নামের এই প্রকল্পটি বাংলাদেশে চালু হতে যাচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে ব্যবহারকারীরা ফেসবুকের ইন্টারনেট ডট অর্গ (www.internet.org) এ ডেটা খরচ না করেই প্রকল্পের আওতায় তথ্যপ্রযুক্তি ভিত্তিক বিভিন্ন সেবাগুলো বিনা খরচে ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। এ প্রকল্পের মাধ্যমে দুইভাবে অর্থাৎ অ্যাপ বা সরাসরিভাবে কোনো ধরনের খরচ না করেই ইন্টারনেট ব্যবহার করা যাবে। এ প্রকল্পের আওতায় প্রাথমিকভাবে সরকারের জাতীয় তথ্য বাতায়ন, ন্যাশনাল ফর্ম পোর্টাল, সার্ভিস পোর্টালসহ সরকারি একাধিক প্রকল্পের ওয়েবসাইটগুলো বিনা খরচে ব্যবহার করা

যাবে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৪), ডেইলি স্টার (পৃ.২,ক.১)।

৭। ফল সংরক্ষণে ফরমালিনের বিকল্প কাইটোসেন

ঋতু বৈচিত্র্যে আবার আসছে মধু মাস। মধু মাসের সুস্বাদু ফলের সঙ্গে গ্রাহকের রয়েছে তিক্ত অভিজ্ঞতাও। ফলে যথেচ্ছ ক্ষতিকারক রাসায়নিক ফরমালিন ব্যবহার নিয়ে ভীতি রয়েছে সব শ্রেণীর ভোক্তার মধ্যে। মধু মাস সামনে রেখে তাই এ আতঙ্ক তাড়া করছে কমবেশি সবাইকে। তাই উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে ফল সংরক্ষণে দেখা দিয়েছে সংকট। ক্রেতারাও রয়েছেন চরম সংশয়ে। এ অবস্থায় ফল সংরক্ষণে ফরমালিনের বিকল্প নিয়ে কাজ শুরু করেছে সরকার। ফরমালিন ও ফলের পচন রোধে প্রাকৃতিক উপাদান কাইটোসেন ব্যবহারে উৎসাহিত করতে উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৫)।

৮। বাড়ছে সরকারি আইনি সেবা গ্রহীতা

সরকারি আইনি সহায়তা সেবা গ্রহীতার সংখ্যা প্রতি বছরই বৃদ্ধি পাচ্ছে। আর্থিকভাবে স্বচ্ছল নয় এমন ব্যক্তিরা দেওয়ানী ও ফৌজদারি মামলা নিষ্পত্তির পাশাপাশি শ্রমিকরাও ক্ষতিপূরণ আদায়, চাকরিতে পুনর্বহাল, মাতৃত্বকালীন ছুটি ও সাময়িক বরখাস্তের আদেশ বাতিলসহ বিভিন্ন বিষয়ে আইনি সেবা নিচ্ছেন। সরকারের এ ধরনের আইনি সেবা চালু করার পর প্রতি বছরই বাড়ছে এর গ্রহীতার সংখ্যা। গত ছয় বছরে ১ লাখ ১৮ হাজার ১০২ জন ব্যক্তি এই সেবা গ্রহণ করেছেন। এর মাধ্যমে নিষ্পত্তি হয়েছে ২৩ হাজার ৮৯৫টি মামলা। যার মধ্যে ১৫ হাজার ৭৩৬টি ফৌজদারি ও ৮ হাজার ১৫৯টি দেওয়ানী মামলা রয়েছে। দেশের ৬৪টি জেলায় গঠিত লিগ্যাল এইড কমিটির দেওয়া আইনি সহায়তায় এসব মামলা নিষ্পত্তি হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৫)।

৯। জুনের মধ্যে অপেক্ষমাণদের বিদ্যুৎ সংযোগ দিতে বিআরইবি চেয়ারম্যানের নির্দেশ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের (বিআরইবি) চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মঈন উদ্দিন বলেছেন, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২০২১ সালের মধ্যে সবার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়ে কাজ করছে বিআরইবি। তিনি জানান, বিআরইবি'র বর্তমান গ্রাহক সংখ্যা ১ কোটি ১৪ লাখ (এপ্রিল-২০১৫)। বোর্ড গৃহীত পরিকল্পনা অনুযায়ী ২০১৮ সালের মধ্যে আরও ৫০ লাখ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে ৯০ শতাংশ মানুষকে বিদ্যুতের আওতায় আনা হবে। এ লক্ষ্যে আবাসিক খাতে সব পেন্ডিং (অপেক্ষমাণ) আবেদনকারীকে আগামী জুনের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেওয়ার নির্দেশ দেন বিআরইবি'র চেয়ারম্যান। গতকাল ৯ মে শনিবার রাজধানীর খিলক্ষেতে বিআরইবি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) ডিজিএম সম্মেলনে সভাপতির বক্তব্যে চেয়ারম্যান এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (পৃ.২,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৪), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৫)।

১০। বিশ্ব মা দিবস আজ

মমতাময়ী মায়ের প্রতি হৃদয় নিংড়ানো ভালোবাসা আর শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে আজ গোটা বিশ্বেই পালিত হচ্ছে বিশ্ব মা দিবস। প্রতিবছর মে মাসের দ্বিতীয় রোববারকে 'বিশ্ব মা দিবস' হিসেবেই পালন করা হয়ে থাকে। এ দিবসের আনুষ্ঠানিক যাত্রা শুরু ১৯০৭ সালে। সূত্র-যুগান্তর (শেষ পৃ., ক.৬), সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সুন্দরবনের ভোলা নদী থেকে ডুবে যাওয়ার পাঁচ দিন পরেও সার ভর্তি জাহাজ উদ্ধার না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সুন্দরবনের ভেতর অবিলম্বে নৌ-চলাচল বন্ধ করার দাবি;

খ. ইত্তেফাক : দেশের প্রাথমিক বিদ্যালয়বিহীন দেড় হাজার গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনে যে অগ্রগতি সাধিত হচ্ছে তাতে সন্তুষ্টি প্রকাশ করে তা শিক্ষা বিস্তারে অবদান রাখবে বলে মন্তব্য;

গ. জনকণ্ঠ, ফিনানসিয়াল এক্সপ্রেস : বাংলাদেশ-ভারত স্থল সীমান্ত চুক্তি হওয়ায় ১১১টি ছিটমহলের ৫২ হাজার অধিবাসীর মানবিক বিপর্যয় থেকে উত্তরণ ঘটায় বিশ্বের স্বাধীন নাগরিকের মর্যাদায় অভিষিক্ত হওয়ায় সন্তুষ্টি প্রকাশ;

ঘ. সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন : বাংলাদেশের উপকূল ব্যবহার করে থাইল্যান্ড ও মালয়েশিয়ায় মানবপাচার রোধ করতে সমুদ্র উপকূলে নজরদারি করতে এসব দেশের সমন্বয়ে একটি যৌথ টহল বাহিনী গঠন করার সুপারিশ;

ঙ. সমকাল : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের বৈকালিক চিকিৎসাসেবা চালুর বিষয়টি যুগান্তকারী ঘটনা হিসেবে চিহ্নিত করে দেশের অন্যান্য হাসপাতালে এ দৃষ্টান্ত অনুসরণ করলে চিকিৎসা সেবাকে সাধারণ মানুষের নাগালের মধ্যে নিয়ে আসা যাবে বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার : বাল্য বিবাহ প্রতিরোধে মেয়েদের বিয়ের বয়স সর্বনিম্ন ১৮তে সীমাবদ্ধ রাখার ওপর গুরুত্বারোপ;

ছ. ডেইলি সান : জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটের রোগীদের দালাল ও ড্রাগ রিপ্রেজেনটেটিভদের দৌরাত্ম্যের হাত থেকে রক্ষায় কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ

জ. নিউজ টুডে : নতুন প্রজন্মকে আর্থিক সফলতা অর্জনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতাও উপলব্ধি করানোর যথাযথ ব্যবস্থা গ্রহণ করা না হলে তারা আত্মকেন্দ্রিক হয়ে পড়বে বলে আশঙ্কা প্রকাশ;

ঝ. নিউ নেশন : বিনিয়োগ প্রবৃদ্ধি বাড়াতে আন্তর্জাতিক মূল্যের সাথে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করার ব্যবস্থা কার্যকর করার আহ্বান;

ঞ. নিউ এজ : বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক নিয়োগের কার্যক্রম স্বচ্ছ রাখতে একটি কমিশন গঠনের সরকারি উদ্যোগের সফল বাস্তবায়নের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে তিনজন নির্বাচিত বাংলাদেশি নারী এমপি ব্রিটিশ পার্লামেন্টের আসন গ্রহণ করায় তা বাংলাদেশ ও ব্রিটেনের মানুষের গণতান্ত্রিক ঐক্য আরও জোরদার করবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘প্রাথমিক শিক্ষকদের অধিকার আর কতদিন লংঘিত হবে’ শিরোনামের নিবন্ধে মো. সিদ্দিকুর রহমান প্রাথমিক শিক্ষার সফল বাস্তবায়নের মাধ্যমে শিক্ষকদের অধিকার প্রতিষ্ঠিত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা